

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সওজ

হবিগঞ্জ সড়ক বিভাগ, হবিগঞ্জ।

rhd.habiganj.gov.bd

স্মারক নং ৩৫.০১.৩৬০০.৪২৯.০৭.১৫৮.২২- ৩৫৪২

তারিখ:- ০৮/০৭/২০২৪খ্রি.


**সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকাভুক্তি/ নবায়ন বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সড়ক বিভাগ কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অভ্যন্তরীণ ক্রয়কার্য (NCT-Works) সম্পাদনের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য সীমিত দরপত্র পদ্ধতির ঠিকাদার তালিকাভুক্তি করা হবে। সিপিটিইউ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম অত্র দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে সরবরাহ করা হবে। আগ্রহী ব্যক্তি/ ঠিকাদারী প্রতিষ্ঠান ১০০০.০০ (এক হাজার) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, হবিগঞ্জ এর অনুকূলে জমা প্রদান করে অথবা মানি রিসিটের মাধ্যমে ১০০০.০০ (এক হাজার) টাকা পরিশোধ করে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। নির্ধারিত আবেদন ফরম সঠিকভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০৮ আগস্ট ২০২৪খ্রি. বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে হবিগঞ্জ সড়ক বিভাগে জমা প্রদান করতে হবে।

সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩ অনুসরণযোগ্য এবং এ তালিকাভুক্তিকরণ দরপত্র আহ্বান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করে না।

উল্লেখ্য যে, ইতোপূর্বে হবিগঞ্জ সড়ক বিভাগে তালিকাভুক্ত ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানকে ২০২৪-২০২৫ অর্থবছরের লাইসেন্স নবায়ন ফি নিয়মের ছক অনুযায়ী অত্র দপ্তরের হিসাব শাখায় মানি রশিদের মাধ্যমে জমা পূর্বক লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ	জমাদানের সময়
০১.	বিনা জরিমানায়	৳ ২০০০/- + ১৫% ভ্যাট	০৮ আগস্ট ২০২৪খ্রি.
০২.	৫০% জরিমানায়	৳ ৩০০০/- + ১৫% ভ্যাট	২৯ আগস্ট ২০২৪খ্রি.
০৩.	১০০% জরিমানায়	৳ ৪০০০/- + ১৫% ভ্যাট	৩০ সেপ্টেম্বর ২০২৪খ্রি.



(শৌকাতুল কবির)

নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ

সড়ক বিভাগ, হবিগঞ্জ।

ফোনঃ ০৮৩১-৬৩৪৮০

ই-মেইলঃ eehab@rhd.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান প্রকৌশলী, সওজ, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সড়ক জোন, সিলেট।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, মৌলভীবাজার।
- ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রকিউরমেন্ট সার্কেল/পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল/ এমআইএস এন্ড এস্টেস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৬। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। বিজ্ঞপ্তিটি RHD Website-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ, হবিগঞ্জ/ শায়েস্তাগঞ্জ।
- ০৯। সহকারী প্রকৌশলী, সওজ/ বিভাগীয় হিসাব রক্ষক/ এস.এ.সি, সড়ক বিভাগ, হবিগঞ্জ।
- ১০। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক প্রতিদিনের বাণী/ দৈনিক খোয়াই, হবিগঞ্জ/ দৈনিক প্রভাকর, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি আপনার বহল প্রচারিত পত্রিকায় (৩ কলাম ৮ ইঞ্চি আকারে) ০১(এক)দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১১। নোটিশ বোর্ড/অফিস কপি।